গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা
www.dgnm.gov.bd

স্মারক নং: ৪৫.০৩.০০০০. ০০৫.০৬.০০১.২৩-১৭৭৫

তারিখঃ১৭/০৫/২০২৩ খ্রিঃ

## মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতিঃ মাকসুরা নূর এনডিসি (অতিরিক্ত সচিব) মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
স্থানঃ সম্মেলন কক্ষ, ডিজিএনএম।
তারিখ ও সময়ঃ ১৫.০৫.২০২৩ খ্রিঃ ,সকাল ১১.০০ ঘটিকা।
উপস্থিতিঃ পরিশিষ্ট – 'ক'

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার সকল কার্যক্রমের গতিশীলতা আনয়ন করার তাগিদ দেন। তিনি সকলকে দাপ্তরিক কার্যক্রম যথাসময়ে সঠিকভাবে আন্তরিকতার সহিত সম্পন্ন করার নির্দেশনা প্রদান করেন। অতঃপর সভার আলোচ্যসূচী উপস্থাপনের জন্য পরিচালক (প্রশাসন)-কে নির্দেশনা প্রদান করেন।

২। কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে গত ১০.০৪.২০২৩ খ্রি: তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।

৩। ১০.০৪.২০২৩ খ্রি: তারিখ অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি ও অন্যান্য বিষয়ে বিস্তারিত আলোচনার পর নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ১ | অনিষ্পন্ন কার্যাদি নিষ্পন্নকরণ | ১। গত ১০.০৪.২০২৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি ও সকল অনিষ্পন্ন কাজ মন্ত্রণালয়ের নির্দেশিত সময়সীমার মধ্যে নিষ্পন্ন করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।<br><br>২। ১৯৯১-২০০০ সালে নিয়োগপ্রাপ্ত সিনিয়র স্টাফ নার্সগণের গ্রেডেশন তালিকার সকল কার্যক্রম চূড়ান্তকরণ করে মন্ত্রণালয়ে প্রেরণ করার বিষয়ে আলোচনা করা হয়। | ১। সকল সেকশনে অনিষ্পন্ন কার্যক্রম যেমন- সিলেকশন গ্রেড, উচ্চতর গ্রেড প্রদান, যোগদান গ্রহণ, স্থায়ীকরণ, পদোন্নতি কার্যক্রমসহ সকল কাজের গতি বাড়িয়ে সঠিক চিত্র সভায় উপস্থাপন করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২। ১৯৯১-২০০০ সালে নিয়োগপ্রাপ্ত সিনিয়র স্টাফ নার্সগণের গ্রেডেশন তালিকা প্রস্তুতির সকল কার্যক্রম চূড়ান্তকরণ করে অতিসত্তর মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসনিক কর্মকর্তা ও সংশ্লিষ্ট শাখা ইনচার্জ |
| ২ | জরুরি স্বাস্থ্য সংকট মোকাবেলা সংক্রান্ত আলোচনা | জরুরি স্বাস্থ্য সংকট মোকাবেলায় যে কোনো পরিস্থিতিতে সকল ধরণের প্রস্তুতি থাকার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | জরুরি স্বাস্থ্য সংকট মোকাবেলার জন্য নার্স পদায়নসহ মন্ত্রণালয়ের নির্দেশিত সকল ব্যবস্থা গ্রহণ করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। । | পরিচালক (সকল) ও সকল নার্সিং কর্মকর্তা |
| ৩ | ই-ফাইলিং কার্যক্রমের অগ্রগতি | ১। নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের সকল নথি ডি নথিতে নিষ্পন্ন করা এবং অধিদপ্তরের সকল কর্মকর্তা ও কর্মচারীগণ কর্তৃক এর ধারাবাহিকতা বজায় রাখার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ১। নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের সকল শাখাকে ডি-নথিতে শতভাগ নথি নিষ্পন্ন করতে হবে এবং কার্যক্রমের ধারাবাহিকতা বজায় রাখার বিষয়ে তৎপর থাকতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারি প্রোগ্রামার, কো-অর্ডিনেটর (ওপি) ও শাখা ইনচার্জ প্রশাসনিক কর্মকর্তা |
| ৪ | এপিএ, শুদ্ধাচার ও ইনোভেশন | ১। সকল কর্মকর্তা ও কর্মচারীগণকে এপিএ, শুদ্ধাচার ও ইনোভেশন কর্মপরিকল্পনা বাস্তবায়ন, সিটিজেন চার্টার হালনাগাদকরণ, তথ্য অধিকার স্টেকহোল্ডার মিটিং, অভিযোগ প্রতিকার ব্যবস্থাসহ প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্ন করার প্রয়োজনীয়তা সম্পর্কে আলোচনা করা হয়। | ১। ক) সকল কর্মকর্তা ও কর্মচারীগণ এপিএ, শুদ্ধাচার ও ইনোভেশন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সিটিজেন চার্টার হালনাগাদকরণ, তথ্য অধিকার স্টেকহোল্ডার মিটিং, অভিযোগ প্রতিকার ব্যবস্থাসমূহ ও প্রয়োজনীয় কার্যক্রম গুরুত্ব সহকারে সম্পন্ন করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>খ) এপিএ কর্মপরিকল্পনা শতভাগ বাস্তবায়ন করে অতিসত্তর প্রতিবেদন প্রদান করতে হবে। এপিএ সকল সূচক অর্জন করার জন্য সকল কর্মকর্তা ও কর্মচারীগণকে তৎপর থাকতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক (সকল), এপিএ, শুদ্ধাচার ও ইনোভেশন ফোকাল পয়েন্টগণ |

| ম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| | | ২। সহকারি পরিচালক (প্রশাসন) সভাকে অবগত করেন যে, মাঠ পর্যায়ের দাপ্তরিক কার্যক্রম গতিশীল রাখতে জেলা পর্যায়ে ডিপিএইচএন (District Public Health Nurse) গণের কর্মদক্ষতা বৃদ্ধি করার লক্ষ্যে প্রশিক্ষণখাতে অর্থ বরাদ্দ সাপেক্ষে প্রশিক্ষণ প্রদান করার বিষয়ে আলোচনা করা হয়েছে। | ২। জেলা পর্যায়ে ডিপিএইচএন (District Public Health Nurse) গণের কর্মদক্ষতা বৃদ্ধি করার লক্ষ্যে প্রশিক্ষণখাতে অর্থ বরাদ্দ সাপেক্ষে প্রশিক্ষণ প্রদান করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ৫ | পিএমআইএস হালনাগাদ করণ | ১। এপ্রিল/২০২৩ খ্রিঃ হালনাগাদের জন্য প্রাপ্ত পিডিএস সমূহ এবং উচ্চ শিক্ষার সনদ নিয়ে পিডিএস হালনাগাদের কার্যক্রম সম্পন্ন করায় সভাপতি সন্তোষ প্রকাশ করেন।<br><br>২। সহকারি-পরিচালক (পিএমআইএস) সভাকে অবগত করেন যে,<br><br>২। ক) ০৯ এপ্রিল/২০২৩ থেকে ০৩ মে/২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত মোট ১৩৬ (একশত ছত্রিশ) জন বদলিকৃত নার্সিং ইন্সট্রাক্টর, সিনিয়র স্টাফ নার্স ,মিডওয়াইফ ও স্টাফ নার্সগণের পিডিএস হালনাগাদ করা হয়েছে।<br><br>খ) ২৫ (পঁচিশ) টি জেলার মাঠপর্যায়ে কর্মরত সিনিয়র স্টাফ নার্সগণের তথ্য ও সফটওয়্যারে এন্ট্রিকৃত তথ্যের validation ও varification এর কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। | ১। পিএমআইএস এর তথ্য সংগ্রহের কার্যক্রম জোরদার করতে হবে এবং উচ্চ শিক্ষার সনদ নিয়ে পিডিএস হালনাগাদ কার্যক্রম সচল রাখতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২। ক) বদলিকৃত সিনিয়র স্টাফ নার্সগণের তালিকা হালনাগাদের কার্যক্রম জোরদার করে অগ্রগতি প্রতিবেদন পরবর্তী মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>খ) সহকারি পরিচালক ডিপিএইচএন (District Public Health Nurse) এর সাথে সমন্বয় করে সকল জেলার মাঠপর্যায়ে কর্মরত সিনিয়র স্টাফ নার্সগণের তথ্য ও সফটওয়্যারে এন্ট্রিকৃত তথ্যের validation ও varification কার্যক্রম সম্পন্ন করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক (সকল), সহকারি-পরিচালক (পিএমআইএস), সহকারি প্রোগ্রামার ও প্রশাসনিক কর্মকর্তা |
| ৬ | নার্সিং শিক্ষা প্রতিষ্ঠানে অগ্রগতি, উল্লেখযোগ্য কার্যক্রম ও সমস্যা | সহকারি পরিচালক (শিক্ষা) নার্সিং শিক্ষা প্রতিষ্ঠানে পদসৃজন, উচ্চশিক্ষা ও সংযুক্তি নীতিমালা সংক্রান্ত কার্যক্রমসমূহ সভায় বিস্তারিত আলোচনা করেন। | ১। নার্সিং শিক্ষা প্রতিষ্ঠান সমূহে পদসৃজন, উচ্চশিক্ষা ও সংযুক্তি নীতিমালা সংক্রান্ত কার্যক্রমের বাস্তবায়ন/ অগ্রগতি প্রতিবেদন প্রতি মাসে সভাকে অবগত করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২। সংযুক্তি নীতিমালার পেন্ডিং কার্যক্রম সম্পন্ন করে অতিসত্বর স্বাস্থ্য সেবা বিভাগে প্রেরণ করতে হবে। করতে হবে। | পরিচালক (শিক্ষা) ও সংশ্লিষ্ট কর্মকর্তাগণ |
| ৭ | শৃংখলা কার্যক্রম অগ্রগতি | ১। শৃংখলা শাখায় অভিযোগ গ্রহণ,তদন্তকরণ ও অভিযোগ নিষ্পত্তি, অনিষ্পত্তিকৃত বিভাগীয় মামলার সংখ্যা, প্রাপ্ত অভিযোগসমূহের শুনানি নির্ধারিত তারিখ অনুযায়ী করার বিষয়ে সভায় আলোচনা করা হয়।<br>২। শৃংখলা শাখায় কর্মরত কর্মকর্তা সভাকে অবগত করেন যে, সেবা পরিদপ্তরের ২০১৬ সালের নিয়োগবিধিতে আইন কর্মকর্তার কোনো পদ না থাকায় কোন কর্মকর্তাকে আইন কর্মকর্তা হিসেবে কর্মসম্পাদনের দায়িত্ব প্রদান করা সম্ভব নয়। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের স্বার্থ সংশ্লিষ্ট মামলাসমূহ পরিচালনা করার জন্য স্বাস্থ্য সেবা বিভাগের অনুমোদনক্রমে ৪ জন প্যানেল আইনজীবি মনোনয়নের লক্ষ্যে ০৬.০৭.২০২২ খ্রিঃ তারিখের ৪৫.০৩.০০০০.০০৭.২৭.১৮৮.২২-২১৬ নং স্মারকে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। তৎপ্রেক্ষিতে ০৬ (ছয়) টি আবেদনপত্র পাওয়া যায়। উক্ত আবেদনপত্রসমূহ যাচাই বাছাইয়ের লক্ষ্যে গঠিত কমিটি স্বাস্থ্য সেবা বিভাগ এবং স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের কর্মকর্তা মনোনয়ন দেয়া হয়েছে। | ১। ক) শৃংখলা শাখায় কর্মরত কর্মকর্তাগণকে সুপ্রিমকোর্টের মামলাসমূহ দ্রুততম সময়ে নিষ্পন্ন করার বিষয়ে তৎপর থাকতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>খ) শৃংখলা শাখার পেন্ডিং কার্যক্রম অতিসত্তর নিষ্পন্ন করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২। প্যানেল আইনজীবি মনোনয়নের লক্ষ্যে দ্রুততার সাথে বাছাই কমিটির সভা আহবানের ব্যবস্থা নেয়া হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারি পরিচালক (শৃংখলা), ডিজিএনএম |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ৮ | বিবিধ আলোচনা | ১। কল্যাণ কর্মকর্তা পিআরএল বিষয়ের তথ্য (সেবা ও শিক্ষা), এনওসি প্রদানের প্রতিবেদন সভায় উপস্থাপন করেন।<br><br>২। অত্র দপ্তরের মিডওয়াইফারি কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, ৫০০০ জন মিডওয়াইফের নতুন পদ সৃজনের জন্য পরবর্তী সুপারিশের লক্ষ্যে স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক ১৯.০৩.২৩ খ্রিঃ তারিখে ৪৫.০০.০০০০.১৭২.১১.০১০.২২-১৭৩ নং স্মারকে অর্থ বিভাগে প্রেরণ করা হয়েছে।<br><br>৩। সহকারি পরিচালক (এসিআর) সভাকে অবগত করেন যে, নার্সিং কর্মকর্তাগণের বার্ষিক গোপনীয় প্রতিবেদন প্রদান করার দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ প্রদান করা প্রয়োজন। | ১। পিআরএল বিষয়ের হালনাগাদ তথ্যাদি (সেবা ও শিক্ষা), কার্যক্রমের বাস্তবায়ন/অগ্রগতি প্রতিবেদন প্রতি মাসে সভাকে অবগত করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২। ৫০০০ জন মিডওয়াইফ-এর নতুন পদ সৃজনের লক্ষ্যে স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক অর্থ বিভাগের ব্যবস্থাপনা-০৬ অধিশাখায় পুনরায় প্রেরিত নথির অগ্রগতির তথ্য সংগ্রহ করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>৩। নার্সিং সুপারিন্টেন্ডেন্ট, নার্সিং সুপারভাইজার, ডিপিএইচএন (District Public Health Nurse), নার্সিং ইন্সট্রাক্টর ইনচার্জগণকে বার্ষিক গোপনীয় প্রতিবেদন প্রদান করার দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে এসিআর সংক্রান্ত খাতে অর্থবরাদ্দ সাপেক্ষে প্রশিক্ষণ প্রদান করা হবে। | |

উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২১/৫/২০২৩

মাকসুরা নূর এনডিসি
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

স্মারক নং: ৪৫.০৩.০০০০. ০০৫.০৬.০০১.২৩- ১২৭৫/১(১৩) তারিখঃ ১৭ / ০৫ / ২০২৩ খ্রি:

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে / কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
২। সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৩। উপসচিব (মনিটরিং), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৪। উপসচিব (নার্সিং শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৫। পরিচালক (সকল), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
৬। উপ-পরিচালক (সকল), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
৭। সহকারী পরিচালক (সকল), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
৮। নার্সিং অফিসার (সকল), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
৯। হিসাবরক্ষণ কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
১০। প্রশাসনিক কর্মকর্তা (সকল), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
১১। কো-অর্ডিনেটর, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
১২। সহকারি পরিচালক, (পিএমআইএস) নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা। (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
১৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

১৭.৫.২৩
পরিচালক (প্রশাসন ও শিক্ষা)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।